রজঃ ও তমঃ গুণ হইতে জাত লয় ও বিক্ষেপ এবং কামলোভ প্রভৃতি ভগবচ্চিন্তার বাধক, কষায় রসাস্বাদ ও অপ্রতিপত্তি প্রভৃতি তাঁহার চিত্তকে স্পর্শ করিতে পারে না ; অর্থাৎ লয়, বিক্ষেপ, কষায় রসাস্বাদ ও অপ্রতিপত্তি তাঁহার 'ভগবচ্চিন্তার' বাধা জন্মাইতে অসমর্থ হয়, যেহেতু তাঁহার চিত্ত বিশুদ্ধসত্ত্বে অবস্থান করে বলিয়া সতত প্রসন্ন থাকে। ইতি শ্লোকার্থ ॥ ১৪ ॥

রজশ্চ তমশ্চ যে চ তৎপ্রভবা ভাবাঃ কামাদয় এতৈরিত্যন্বয়ঃ। এবং প্রসন্নমনসোভগবদ্ভক্তিযোগতঃ। ভগবত্তত্ত্ববিজ্ঞানং মুক্তসঙ্গস্য জায়তে ॥ ১৫ ॥

রজঃ ও তমঃ, এবং রজঃ ও তমঃ হইতে সমুৎপন্ন কামলোভপ্রভৃতিভাবসমূহ, এই সকলের দ্বারা চিত্ত আকৃষ্ট হয় না, এইরূপ অন্বয় করিতে হইবে। তৎপর ভগবত্তত্ত্ব-জ্ঞানের আবির্ভাবটি একটি শ্লোকে বলিতেছেন। এই প্রকারে প্রসন্নচিত্ত মুক্তসঙ্গভক্তের ভগবদ্ভক্তিযোগ প্রভাবে ভগবত্তত্ত্বের অনুভব হৃদয়ে প্রকাশ পাইয়া থাকে। ইতি শ্লোকার্থ ॥ ১৫ ॥

এবং পূর্ব্বোক্ত প্রকারেণ প্রসন্নমনসঃ ততো মুক্তসঙ্গস্য ত্যক্তকামাদিবাসনস্য, ভক্তি-যোগতঃ পুনরপি ক্রিয়মাণাত্তস্মাদ্বিজ্ঞানং সাক্ষাৎকারো মনসি বহির্ভাবনাং বিনৈবানুভবো যঃ স জায়তে। তস্য চ পরমানন্দৈকরূপত্বেন সতঃ ফলরূপস্য সাক্ষাৎকারস্যানুসঙ্গিকং ফলমাহ—ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাদি দৃষ্ট এবাত্মনীশ্বরে ॥ ১৬ ॥

"এবং" পূর্ব্বোক্ত প্রকার প্রসন্নচিত্ত, অতএব মুক্তসঙ্গ অর্থাৎ কামাদি বাসনা-রহিত ভক্ত পুনর্ব্বার অনুষ্ঠিত ভক্তিযোগ হইতে বাহিরেতে ভাবনা না করিয়াই মনে ভগবত্তত্ত্ব সাক্ষাৎকার অর্থাৎ অনুভব করিতে পারে। সেই ভগবৎ সাক্ষাৎ-কারটী পরম আনন্দস্বরূপ, অতএব ঐ সাক্ষাৎকারটী ভগবদ্ভক্তির ফলস্বরূপ। সেই সাক্ষাৎকারের আনুসঙ্গিক ফল একটি শ্লোকে বলিতেছেন—সেই ঈশ্বর-পরমাত্মাকে সাক্ষাৎকার করিলে দেহাদির প্রতি হৃদয়ের অহঙ্কাররূপ গ্রন্থিভেদ হইয়া যায়, সকল সংশয় কাটিয়া যায় ও সকল ক[illegible] ক্ষয় হয়। এ তিনটীই ভগবৎসাক্ষাৎকারের মুখ্য ফল নহে, কিন্তু আনুসঙ্গিক ফল ; যেমন পাকাদির জন্য চুল্লীতে অগ্নি প্রজ্জ্বালন করিলে তাহার আনুসঙ্গিক কার্য্য অন্ধকার নাশ, বস্তুর প্রকাশ এবং ভয় ও শীতাদি নিবৃত্তি, তেমনই ভগবৎ সাক্ষাৎকার হইতে পূর্ব্বোক্ত তিনটী নিবৃত্ত হইয়া থাকে ॥ ১৬ ॥

হৃদয়গ্রন্থিরূপোঽহঙ্কারঃ। সর্ব্বসংশয়াশ্ছিদ্যন্তে ইতি শ্রবণমননাদি প্রধানানামপি তস্মিন্দৃষ্ট এব সর্ব্বে সংশয়াঃ সমাপ্যন্ত ইত্যর্থঃ। তত্র শ্রবণেন তাবজ্‌জ্ঞেয়গতাসম্ভাবনা শ্ছিদ্যন্ত ইতি মননেন তদ্‌গতবিপরীতভাবনা সাক্ষাৎকারেণ ত্বাত্মযোগ্যতাগতা সম্ভাবনাবিপরীতভাবনে ইতি জ্ঞেয়ম্। ক্ষীয়ন্তে তদিচ্ছামাত্রেণৈব ন কিঞ্চিদেব তেষব-শিষ্যত ইত্যর্থঃ। অত্র প্রকারণার্থে সদাচারং দর্শয়ন্ন পসংহরতি—অতো বৈ কবয়োনিত্যং ভক্তিং পরময়া মুদ্রা। বাসুদেবে ভগবতি কুর্ব্বন্ত্যাত্মপ্রসাদনীম্ ॥ ১৭ ॥